



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩- ১৫

তারিখঃ ১০ আগস্ট ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি -

## জাতিসংঘে বাংলাদেশের মানবাধিকার কমিশনকে সর্বোচ্চ মর্যাদা “এ স্ট্যাটাস” প্রাপ্তিতে সহায়তার আশ্বাস কমনওয়েলথ মহাসচিবের

গত ০৯ আগস্ট ২০১৮ রাতে জাতীয় মানবাধিকার কমিশন কার্যালয়ে কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হকের সাথে সাক্ষাৎ করেন কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড। তিনি মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে কমিশনের বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করেন। তিনি বলেন, “নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের যৌক্তিক দাবি মেনে নিয়ে সরকার মানবাধিকারের বিষয়ে সরকারের প্রতিশ্রুতির প্রতিফলন দেখিয়েছে।” তিনি আরও বলেন, “জাতীয় মানবাধিকার কমিশন দেশে মানবাধিকার সংস্কৃতি বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রেখে যাচ্ছে। মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় সরকারকে প্রয়োজনীয় সুপারিশ প্রেরণসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। খুব শীঘ্রই বাংলাদেশের মানবাধিকার কমিশনকে জাতিসংঘ কর্তৃক “এ স্ট্যাটাস” দেওয়া হবে।” এক্ষেত্রে কমিশনকে সকল ধরনের কারিগরি সহায়তা প্রদানের আশ্বাস দেন তিনি।

এ বিষয়ে কাজী রিয়াজুল হক বলেন, “আন্তর্জাতিক পরিমন্ডলে জাতিসংঘ কর্তৃক বিভিন্ন সদস্য দেশের জাতীয় মানবাধিকার কমিশনকে প্যারিস নীতিমালার বাস্তবায়নের ভিত্তিতে ২ টি স্ট্যাটাস দেওয়া হয়। একটি এ এবং আরেকটি বি। আমাদের কমিশন এখনও বি স্ট্যাটাস এ রয়েছে। এ স্ট্যাটাস প্রাপ্তির জন্য আমরা পুনরায় আবেদন করেছি। কমনওয়েলথ এর সমর্থনে সম্প্রতি শ্রীলঙ্কা ও নামিবিয়ার মানবাধিকার কমিশন “এ স্ট্যাটাস” পেয়েছে। আমি খুবই আশাবাদী যে, আজকে কমনওয়েলথ মহাসচিব বাংলাদেশের মানবাধিকার কমিশনকেও সমর্থন দিয়েছেন তাই খুব শীঘ্রই আমরাও “এ স্ট্যাটাস” এ উন্নীত হব। এতে আন্তর্জাতিক পরিমন্ডলে আমাদের নির্বাচনী ক্ষমতাসহ সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় আমাদের অংশগ্রহণ নিশ্চিত হবে।”

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ  
জনসংযোগ কর্মকর্তা  
জাতীয় মানবাধিকার কমিশন